

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১) / ৭৩৮০

তারিখ : ০৬.১০.২০১৯


বিষয় : তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত সেপ্টেম্বর-২০১৯ (২য় পক্ষ) মাসের ‘জনমত’ প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পার্কিং জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচিত্র প্রদর্শনী ও কৌইজ প্রতিযোগিতা, ওরিয়েটেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের সঙ্গে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাত্তু, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাত্তু, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বৃদ্ধিকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথক্ষিয়া ঘটে। এ মিথক্ষিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে সেপ্টেম্বর-২০১৯ (২য় পক্ষ) মাসের ‘জনমত’ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্বারা প্রেরণ করা হলো।

সংযোজনী : প্রতিবেদন এক প্রস্তুতি।

  
(মোঃ জাকির হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন ৮৩৯২২৯৬।

dgmasscommunication@yahoo.com

৪

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

- ০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২।  সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্ববিধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সেপ্টেম্বর-২০১৯ (২য় পক্ষ)

● জনমত শিরোনাম

- আসন্ন শারদীয় দুর্গোৎসবে সারাদেশে ব্যাপক প্রস্তুতি। ঐতিহ্যবাহী  
সম্প্রীতি-চেতনা সমৃদ্ধিত রাখার ওপর গুরুত্বারোপ সর্বমহলের
- পেঁয়াজসহ কয়েকটি নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে কর্তৃপক্ষের  
হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ
- ইলিশের দাম নিম্নমুখি হওয়ায় জনগণের স্বন্তি প্রকাশ
- আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। সন্তাস, জঙ্গিবাদ ও মাদক  
নাশকতা প্রতিরোধে চলমান অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ  
সর্বসাধারণের

চলমান পাতা - ২



❑ আসন্ন শারদীয় দুর্গোৎসবে সারাদেশে ব্যাপক প্রস্তুতি। এতিহ্যবাহী সম্প্রীতি-চেতনা সমূলত রাখার ওপর গুরুত্বারোপ সর্বমহলের

- সনাতন ধর্মাবলম্বীদের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব-শারদীয় দুর্গাপূজা সাড়মৰে উদ্যাপনের জন্য দেশব্যাপী ব্যাপক প্রস্তুতি লক্ষ্য করা গেছে বলে জনমতে প্রকাশ। মন্ত্রপে মন্ত্রপে প্রতিমা তৈরির কাজ পুরোদমে এগিয়ে চলেছে। সার্বজনীন এই উৎসব পালনের মধ্য দিয়ে বাঙালির আবহমান কালের সম্প্রীতি-চেতনা সমূলত রাখার ওপর সর্বমহল গুরুত্বারোপ করেছে।

- এদিকে, আসন্ন দুর্গাপূজাকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশেষ অভিযান পরিচালনার ওপর জোর দিয়েছে সচেতনমহল। উৎসবমুখর ও শান্তিপূর্ণ পরিবেশে পূজা উদ্যাপনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরের মতো দেশের সকল পূজামন্ত্রে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করবে বলে সর্বসাধারণ প্রত্যাশা ব্যক্ত করেছে।

❑ পেঁয়াজসহ কয়েকটি নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ।

- বর্তমান বাজারে পেঁয়াজ, সবজিসহ নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্যের দাম উর্ধ্বমুখী বলে জনমতে জানা গেছে। এ বিষয়ে ভোক্তাসাধারণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছে। অন্যদিকে, খাদ্যদ্রব্যে ভেজাল প্রতিরোধে জনসাধারণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে।

❑ ইলিশের দাম নিম্নমুখি হওয়ায় জনগণের স্বত্ত্ব প্রকাশ

- বাজারে ইলিশ মাছের দাম কিছুটা নিম্নমুখি হওয়ায় জনগণ স্বত্ত্ব প্রকাশ করেছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। অভ্যন্তরীণ বাজারে ইলিশের সরবরাহ বেশি থাকায় ইলিশের দাম কিছুটা কম হয়েছে বলে জনমতে জানা গেছে। বাজার নিয়ন্ত্রণে সরকার আরো সফল হবে বলে জনসাধারণ আশাবাদ ব্যক্ত করেছে।

▣ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক প্রতিরোধে চলমান অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ সর্বসাধারণের

- দেশে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চলমান অভিযানে সার্বিক পরিস্থিতি সন্তোষজনক বলে জনমত ও প্রতিক্রিয়ায় প্রকাশ। পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অধিকতর তৎপরতার ওপর জোর দিয়েছে সচেতনমহল।
- এদিকে, মাদক প্রতিরোধেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেছে সাধারণ জনগণ।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা



Shukla  
০৬/১০/২০১৯

শুকলা বনিক  
জ্ঞান ও ডেভেলপমেন্ট অফিসার (অ.দা.)  
গণমানযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার